

উত্তর। ভূমিকা : সভ্যতা ও সংস্কৃতির ক্ষেত্রে গুপ্ত শাসনকাল ছিল ভারত-ইতিহাসের এক গৌরবজনক যুগ। এই যুগে রাজনৈতিক এক্য স্থাপন ও সুষ্ঠু শাসনব্যবস্থা প্রবর্তনের পাশাপাশি শিল্পকলা ও ভাস্কর্য, সাহিত্য ও বিজ্ঞান সমস্ত ক্ষেত্রেই অভূতপূর্ব অগ্রগতি ঘটেছিল।

শিল্পকলা ও ভাস্কর্য : গুপ্তযুগে স্থাপত্যের ক্ষেত্রে অভূতপূর্ব উন্নতি ঘটেছিল।

১। গুহামন্দির : গুপ্তযুগে পাহাড় কেটে গুহামন্দির নির্মাণ করা হয়েছিল। ঐতিহাসিক ও গবেষকদের মতে, মহারাষ্ট্রের অজন্তায় যে ২৮টি গুহা রয়েছে তাদের মধ্যে অন্তত ২৩টি গুপ্ত ও গুপ্তোত্তর যুগে নির্মিত হয়েছিল। এগুলির মধ্যে দুটি হলো চৈত্য বা মঠ এবং বাকিগুলিতে সংঘারাম ও বিহার ছিল।

২। প্রস্তর ও ইট নির্মিত মন্দির : যে সব নিদর্শন পাওয়া গেছে তার মধ্যে উত্তরপ্রদেশের অম্বর্গত দেওঘরে অবস্থিত একটি প্রস্তর-নির্মিত দশাবতার মন্দির ও কানপুরে অবস্থিত একটি ইটের নির্মিত মন্দির এইযুগের স্থাপত্য-শিল্পের



দশাবতার মন্দির

চমৎকার নিদর্শন। সারণাথে আবিষ্কৃত একটি প্রস্তর-নির্মিত মন্দির গুপ্তযুগের স্থাপত্য-শিল্পের উৎকর্ষের পরিচয় দেয়।